



স্মারক নং: রুয়েট/জস/৩২/২০২৩

তারিখঃ ০৩ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ

**সংবাদ বিজ্ঞপ্তি**

**রুয়েটে কোয়ালিটি এ্যাসুরেন্স সেল গঠনের নির্দেশ**

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) মানসম্মত শিক্ষা ও গবেষণা নিশ্চিত করতে এবং একাডেমিক কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ ও মূল্যায়ন করার লক্ষ্যে কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (কিউএসি) গঠনের নির্দেশনা দিয়েছেন উপাচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম।

আজ রবিবার সকালে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত ইন্সটিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) এক সমন্বয় সভায় তিনি এই নির্দেশ দেন। এছাড়া তিনি আইকিউএসি এর মিশন ও ভিশন প্রস্তুত করারও নির্দেশনা দেন। সভায় BAETE/BAC থেকে রুয়েটের এক্রিডিটেশন প্রাপ্তির অগ্রগতি নিয়েও আলোচনা হয়।

রুয়েটের আইকিউএসি-এর পরিচালক অধ্যাপক ড. মো. ইমদাদুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমন্বয় সভায় রুয়েটে কর্মরত শিক্ষকদের মানসম্মত শিক্ষা প্রদান ও গবেষণার মানোন্নয়নের জন্য বার্ষিক কর্মপরিকল্পনা প্রনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা এবং সক্ষমতা বৃদ্ধির জন্য নিয়মিত প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার আয়োজনের জন্য আইকিউএসি-কে নির্দেশনা প্রদান করেন।

এই সমন্বয় সভায় রুয়েটের বিভিন্ন ইন্সটিটিউটের পরিচালক, অনুষদের ডীন, বিভাগীয় প্রধান এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার আরিফ আহম্মদ চৌধুরী অংশগ্রহণ করেন।

বার্তা প্রেরক-

স্বাক্ষরিত/-

উপ-পরিচালক

জনসংযোগ দপ্তর

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়